কালের কণ্ঠ

তারিখ ... 12 AUG 2015 ...
পৃষ্ঠা ... ১৬ ... কলাম ... ১ ......

স্বতন্ত্র বেতন কাঠামো দাবি

# আবার কর্মবিরতিতে যাচ্ছেন বিশ্ববিদ্যালয় শিক্ষকরা

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

অষ্টম জাতীয় বেতন কাঠামো সংশোধন ও বিশ্ববিদ্যালয় শিক্ষকদের জন্য স্বতন্ত্র বেতন কাঠামো ঘোষণাসহ চার দফা দাবিতে আবারও কর্মবিরতিতে যাচ্ছেন দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষকরা। আগামী রবিবার সকাল ১০টা থেকে ১টা পর্যন্ত একযোগে কর্মবিরতি কর্মসূচি পালনের পাশাপাশি দাবির পক্ষে স্বাক্ষর সংগ্রহ করবেন তাঁরা।

দাবি না মেনে বেতন কাঠামো ঘোষণা করা হলে বৃহত্তর ও কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে বলেও হুঁশিয়ার করেছেন শিক্ষকরা। এর আগে গত জুনে বিশ্ববিদ্যালয় শিক্ষকরা একযোগে কর্মবিরতি পালন করেন।

গতকাল মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাব মিলনায়তনে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সাধারণ সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সভায় ফেডারেশনভুক্ত সব বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদকরা উপস্থিত ছিলেন।

শিক্ষকদের অন্য দুটি দাবি হলো রাষ্ট্রীয় ওয়ারেন্ট অব প্রিসিডেন্স নির্দেশিত বেতন কাঠামো অনুযায়ী পদমর্যাদাগত অবস্থান ও সরকারি কর্মকর্তাদের অনুরূপ গাড়ি ও অন্যান্য সুবিধা শিক্ষকদের ক্ষেত্রেও নিশ্চিত করা।

সভা সূত্রে জানা গেছে, সরকারের বিভিন্ন মহলে শিক্ষকদের দাবির বিষয়টি উত্থাপন করা হলেও কোনো ফল না আসায় আবার কর্মসূচি ঘোষণা করেছেন শিক্ষকরা। এ ছাড়া শিক্ষকদের আন্দোলন নিয়ে সরকারের কয়েকজন কর্তাব্যক্তির বক্তব্যেরও নিন্দা জানানো হয়।

সভায় নেওয়া অন্য সিদ্ধান্তগুলোর মধ্যে আছে চলতি মাসের পরবর্তী প্রতি রবিবার (২৩ ও ৩১ আগস্ট) কর্মবিরতি পালন ও এই সময়ের মধ্যে বেতন কাঠামো ঘোষণা করা হলে তাৎক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জাতীয় সম্মেলন ডেকে লাগাতার কর্মবিরতিসহ কঠোর আন্দোলন কর্মসূচি ঘোষণা করা।